



গণতন্ত্র ও স্বাধীনতা রক্ষা করতে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে: সালাহউদ্দিন



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, দেশের গণতন্ত্র, স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সকল রাজনৈতিক শক্তিকে একমত ও ঐক্যবদ্ধ থাকতে হবে। তিনি সতর্ক করে বলেন, অভ্যন্তরীণ ভিন্নমত ও অনৈক্যের কারণে যদি ফ্যাসিবাদ পুনরায় মাথাচাড়া দেয়, তা জাতি কখনো ক্ষমা করবে না।

শনিবার (২৫ অক্টোবর) রাজধানীর শিল্পকলা একাডেমি-এ দৈনিক নয়া দিগন্তের ২১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সালাহউদ্দিন স্মরণ করেন ব্যক্তিগত সংগ্রাম ও রাজনৈতিক নির্যাতনের সময়কথা। দুই-চার কলামের সংবাদ লিখতে আমাকে প্রায় সাড়ে নয় বছর নির্বাচনে থাকতে হয়েছে। আমাকে কারাগার ও আয়নাঘরে রাখা হয়েছিল। তবুও আমি কখনও আন্দোলনের পথ ত্যাগ করিনি।”

তিনি আরও উল্লেখ করেন, এক সময় তিনি এবং পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমান পিজি হাসপাতালের প্রিজন সেলে ছিল। সেই সময় মাহমুদুর রহমান অনশনে ছিলেন। সালাহউদ্দিন বলেন, “আমি তাকে অনুরোধ করেছিলাম, ‘আপনি যদি মারা যান, শেখ হাসিনা খুশি হবে—অনশন ভাঙুন।’ পরে প্রবীণ নেতারা এসে অনশন ভঙ্গ করান।”

বক্তৃতায় তিনি বলেন, ছাত্র আন্দোলনের রক্তক্ষয়ী ইতিহাস আমাদের জন্য আজও শিক্ষণীয়। সেই সংগ্রামই ভবিষ্যতের গণতান্ত্রিক বাংলাদেশ গড়ার প্রেরণা। আমাদের দায়িত্ব, আমাদের সন্তানদের জন্য প্রকৃত গণতান্ত্রিক প্রতিষ্ঠান, স্বচ্ছ শাসন ও শক্তিশালী রাষ্ট্রব্যবস্থা নিশ্চিত করা।

তিনি সতর্ক করে বলেন, “সন্তানদের রক্তে লেখা অঙ্গীকার পূরণ করতে আমাদের একত্রিত থাকতে হবে। ফ্যাসিস্ট আওয়ামী লীগের পুনরুত্থানের কোনো সুযোগই দিতে পারি না। দেশের স্বার্থে সকলকে ঐক্যবদ্ধ হতে হবে।”